# ১ উপক্রমণিকা

**ebong** অথবা **এবং** কাজে লাগবে তাঁদের যাঁরা bangtex ব্যবহার করে বাংলা লিখছেন অথবা লিখবেন বলে স্থির করেছেন।

এবং কে বলা যায় bangtex এর preprocessor । এটা লাটেক্ কোড লেখার ব্যপারে কোন সাহায্য না করলেও, বাংলা লেখার প্রসেসটাকে বেশ খানিকটা সাবলীল করতে পারে । ebong এর মূল বৈশিষ্ঠ্যগুলি এক-নজরে দেখে নেওয়া যাক :

১। লেখাটা source code এর মতো দেখতে না হয়ে দিব্যি বাংলা গড়নের দেখতে হয়, যেমন ফৌজ কথাটা bangtex এ টাইপ করতে হবে `\*ph*eouj` কিন্তু ebong এ শুধু `fou-j` লিখলেই চলবে।

২। দুটো এক্সেপ্সানাল কেস ছড়া, ( ঋ কার দিতে RII আর য লিখতে J ) ছোটো হাতের রোমান হরফ ব্যবহার করেই সব ব্যঞ্জন লেখা যায় : তাই মনে রাখ সোজা - শুদ্ধ করাও সহজ । একটা নড়বড়ে গোছের সিন্ট্যাক্স চেকিং এর ব্যবস্থাও রেখেছি।

৩। একই চিহ্নের জন্য একাধিক roman symbol আছে - যেখানে যেটা চল্লে ভালো দেখায়! a অথবা o দুটোই গোঁজ হিসেবে কাজে লাগানো যাবে, অর্থাৎ ka-thaa, ko-tha → কথা।

৪। LaTeX লেখার নিয়ম - কানুনও যথাসাধ্য সহজ রাখার চেস্টা করেছি।

# ২ নিয়ম - কানুন

প্রথম কাজ হলো শব্দটাকে strutural syllable এ ভেঙে নেওয়া। যেমন মুক্তি = মু + ক্তি, বন্দুক = ব + ন্দু + ক, এইরকম। দুটো syllable পাশাপাশি রাখতে গেলে একটা hyphen / “ - ” দিতে হবে, যেমন, রা - ম = raa-m, হ - র - বো - লা = ha-r-boo-laa। syllable লেখার নিয়ম এইরকম।

১। স্বরচিহ্ন একলা বসবে। যেকোন স্বরচিহ্ন লিখতে গেলে লাগবে ক্যাপিটাল রোমান হরফ, যথা : এই ( E-I )।

২। ব্যঞ্জন + কার : যেমন বিবি ( bi-bi ), বীর ( bii-r ) ইত্যাদি।

৩। ব্যঞ্জন + ফলা : M, Y, R, L, W এই পাঁচটি ফলা, উধারণ - পদ্ম `pa-_dMo`, সহ্য `sa-hJYo`, বাক্য `ba-kYo`, প্রমীলা `pRo-mii-laa`, আহ্লাদ `AA-hLaa-_d`, স্বরবর্ণ `sWa-ro-ba-r^no`।

৪। যুক্তব্যঞ্জন : ব্যঞ্জন দুটো পশাপাশি লিখতে হবে, যথা ইন্দ্রলুপ্ত ( `I-n_dRa-lu-p_to` ) । যুক্তব্যঞ্জন এর সঙ্গে কোন কার বা ফলা বা আরেকটি ব্যঞ্জন যুক্ত করার নিয়ম হুবহু ব্যঞ্জন এর মত।

৫। , ; ! ? . এরা একলাও বসতে পারে, আথবা শব্দের একটি syllable হিসেবে যেতে পারে, যেমন ক বাবু, খ বাবু, গ বাবু। ( ka|-baa-bu-, kha|-baa-bu-, ga|-baa-bu. )

৬। চন্দ্রবিন্দু আথবা হস্ন্ত ব্যঞ্জন এর পরে যোগ করতে হলে ব্যঞ্জন এর পরে ( যথাক্রমে ) `^` বা `_` সেঁটে দিন, যেমন পাঁচ ( `p^aa-ch` ) বা খট্কা ( `kha-t_-kaa` ) ।

# ৩ LaTeX লিখতে হলে

১। লাইনের শুরু যদি হয় \\ দিয়ে তবে সে লাইন টেক্স ফাইলেও একই থাকবে।

২। ( লাইনের প্রথম ) # এর পরে যা থাকবে তাই সরাসরি টেক্স ফাইলে চলে যাবে।

৩। দুটো @ ... @ sign এর মধ্যে যা লেখা হবে তাই সরাসরি টেক্স ফাইলে চলে যাবে। লাইনের একদম শেষে এরকম শব্দ না থাকাই বঞ্ছনীয়।

৪। অন্য যেকোন সিম্বল, bangtex এর নিয়মে লিখতে হবে।

৫। বাংলার মধ্যে - লিখতে গেলে লিখুন dash শব্দটাই, যেমন : জলে - জঙ্গলে ( ja-le dash ja-ngg-le )

৬। @ লেখার খুব দরকার হলে তার যায়গায় লিখুন #AT ।

# ৪ বর্ণমালা

## ৪.১ স্বরচিহ্ন

| | | | |
|---|---|---|---|
| অ | A | নেই | |
| আ | AA | কা | kaa |
| ই | I | কি | ki |
| ঈ | II | কী | kii |
| উ | U | কু | ku |
| ঊ | UU | কূ | kuu |
| ঋ | RI | কৃ | kRII |
| এ | E | কে | ke |
| ঐ | OI | কৈ | koi |
| ও | O | কো | koo |
| ঔ | OU | কৌ | kou |

## ৪.২ ব্যাঞ্জন

| | | |
|---|---|---|
| ক | k | |
| খ | kh | |
| গ | g | |
| ঘ | gh | |
| ঙ | ng | |
| চ | ch | |
| ছ | ^ch | |
| জ | j | |
| ঝ | jh | |
| ঞ | _n,^y | |
| ট | t | |
| ঠ | ^th | |
| ড | d | |
| ঢ | dh | |
| ণ | ^n | |
| ত | _t | |
| থ | th | |
| দ | _d | |
| ধ | _dh | |
| ন | n | |
| প | p | |
| ফ | ph,f | |
| ব | b | |
| ভ | v,bh | |
| ম | m | (M) |
| য | ^j,J | (Y) |
| র | r | (R) |
| ল | l | (L) |
| ব | নেই | (W) |
| হ | h | |
| শ | sh | |
| ষ | ^s | |
| স | s | |
| ড় | ^r | |
| ঢ় | ^rh | |
| য় | y | (Y) |
| ং | ^ng | |
| ৎ | __t | |
| ঃ | : | |

## ৫ শোধন

- অশুদ্ধ : `kha|-baa-bu,` শুদ্ধ : `kha|-baa-bu-,`
- অশুদ্ধ : `\item` শুদ্ধ : `@\item@`
- অশুদ্ধ : `ja-le - ja-ngg-le` শুদ্ধ : `ja-le dash ja-ngg-le`
- অশুদ্ধ : `\section{ pu-no-shcho }` শুদ্ধ : `@\section{@ pu-no-shcho }`
- অশুদ্ধ : `{\rm hello world}` শুদ্ধ : `@{\rm hello world}@`

## ৬ নমুনা

তোমার কোথায় দেশ? কিবা পরমাত্ম পরিচয়?
তুমি ছোট ঘরে বসে আজীবন পড়াশুনো করো
তোমার সামান্য আয়, তুমি স্ফীতোদর ॥

( শক্তি চট্টোপাধ্যায়, অনন্ত নক্ষত্রবীথী ... )

নিচে, যথাক্রমে ebong এবং *Translated* bangtex code ।

```
\begin{verse}
_too-maa-r koo-thaa-y _de-sh-? ki-baa pa-ro-maa-_tMo po-ri-cha-y-? @\\@
_tu-mi ^choo-to gha-re bo-se AA-jii-bo-n pa-^raa-shu-noo ka-roo @\\@
_too-maa-r saa-maa-nYo AA-y-, _tu-mi sphii-_too-_da-r .. @\\@
\end{verse}

( sha-k_ti cha-ttoo-paa-_dhYaa-y-, A-no-n_to na-kko-_tRo-bii-thii ... )

\begin{verse}
\*t*eamar \*k*eathay \*d*esh? \*k*iba poromatMo po\*r*icoy? \\
tu\*m*i \*ch*eaTo gho\*r*e bo\*s*e Aajiibon porhashu\*n*ea ko\*r*ea \\
\*t*eamar samanYo Aay, tu\*m*i s/phii\*t*eador .. \\
\end{verse}

( sho\*k/t*i co\*T/T*eapadhYay, Anon/to nokKotRobiithii ... )
```